REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৩ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৪৩ ইংরাজী 27th May 1936 | ২য় সংখ্যা


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিনামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার, কলিকাতা।



এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

### হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪২ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্টপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷৵০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।



স্নিগ্ধ ও তৃপ্তিকর



জবাকুসুম কেশ তৈল

চুলের গোড়া শক্ত করিয়া চুলের শ্রী বৃদ্ধি করিতে, মাথা ঠাণ্ডা রাখিতে, অনিদ্রা ও শ্রান্তি দূর করিয়া চিত্তে প্রসন্নতা দান করিতে, "জবাকুসুম" আজিও অদ্বিতীয়।

সি, কে, সেন এণ্ড কোং, লিঃ
২৯নং কলুটোলা ষ্ট্রীট কলিকাতা



### স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা





অশোকা

সকল প্রকার স্ত্রীরোগের মহৌষধ। অশোকা সেবনে অনিয়মিত রজঃস্রাব, জরায়ুর প্রদাহ, শিরোঘূর্ণন ও অনিদ্রা প্রভৃতি উপসর্গ শীঘ্রই প্রশমিত হয়

সি, কে, সেন এণ্ড কোং
লিমিটেড
কলিকাতা



সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ

ম্যালেরিয়া, সবিরাম, অবিরাম, পালাজ্বর প্রভৃতি যাবতীয় জ্বরের অব্যর্থ ও পরীক্ষিত মহৌষধ একজন বহুদর্শী বিশেষজ্ঞের আবিষ্কার।



সি.কে.এস পল্টন মার্কা
ফিভার মিক্শ্চার
সি.কে.সেন এণ্ড কোং লিঃ
কলিকাতা।

## মুর্শিদাবাদ সিল্ক।

বাংলার রেশম শিল্পের পুনরুদ্ধারের উদ্দেশ্যে আমরা গভর্ণমেন্ট সহযোগীতায় নানা রকম রেশম সূত্র প্রস্তুত করিয়া বিদেশী রেশমের প্রতিযোগিতায় বিক্রয় করিতেছি। আমাদের রেশম অতি উৎকৃষ্ট ও সুলভ।

আমাদের রেশমজাত নিজ তাঁতে প্রস্তুত বহু রকমের সাড়ী, থান, গাউন-পিশ, সাটিন থান, সাটিং সুটীং আমাদের ঘরে মজুত আছে। সুন্দর সুন্দর ডিজাইনের ছাপা সাড়ী সুলভে পাইবেন। অর্ডার দিলে ভি, পি, তে মাল পাঠান হয়।

মানিরুদ্দিন আহাম্মদ এণ্ড কোং

জঙ্গিপুর, মুর্শিদাবাদ।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৩ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৪৩ সাল


## বৃষ্টি।

গত মঙ্গলবার বৈকাল হইতে এখানে বৃষ্টি আরম্ভ হইয়াছে। প্রত্যহ বৃষ্টি হইতেছে। বৃষ্টির পর হইতেই বাগড়ী অঞ্চলে চাষ আবাদ আরম্ভ হইয়াছে।

## কাঙ্গালী ভোজন।

গত ১০ই জ্যৈষ্ঠ রবিবার তেঘরী গ্রামের ৺ভূষণচন্দ্র সিংহ মহাশয়ের শ্রাদ্ধোপলক্ষে প্রায় আড়াই হাজার কাঙ্গালীকে চিড়া, দই ও চিনি দ্বারা পরিতৃপ্ত সহকারে ভোজন করান হইয়াছে। আজকালকার দিনে এইরূপ কার্য্য বিশেষ প্রশংসনীয়।

## পরলোকে কুলদা বাবু।

গত ১১ই জ্যৈষ্ঠ সোমবার বৈকালে বহরমপুরের নামজাদা মোক্তার শ্রীযুক্ত কুলদাপ্রসাদ রায় মহাশয় পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৮ বৎসর হইয়াছিল। তিনি অমায়িক, সদালাপী, মিষ্টভাষী ও পরোপকারী ব্যক্তি ছিলেন। তিনি বহু জনহিতকর প্রতিষ্ঠানে লিপ্ত ছিলেন। তাঁহার মৃত্যুতে দেশবাসী একজন বিশিষ্ট কর্ম্মী হারাইলেন। আমরা তাঁহার স্বর্গগত আত্মার কল্যাণ কামনা করি। ভগবান তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সান্ত্বনা দান করুন।

## পরলোকে।

গত ১১ই জ্যৈষ্ঠ সোমবার বেলা ১২ ঘটিকার সময় বহরমপুর বান্ধব প্রেসের প্রোপ্রাইটার শ্রীযুক্ত গজানন মজুমদার মহাশয় বসন্ত রোগে পরলোক গমন করিয়াছেন। কিছুদিন পূর্ব্বে তাঁহার স্ত্রী মারা গিয়াছেন। মৃত্যুকালে তিনি কয়েকটী পুত্র কন্যা রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## আশ্চর্য্য সন্তান।

তারের খবরে প্রকাশ কুমিল্লা ভিক্টোরিয়া বিদ্যালয়ের শিক্ষক শ্রীযুক্ত বিপিনবিহারী দাসের কন্যা সম্প্রতি একটী আশ্চর্য্য সন্তান প্রসব করিয়াছে। শিশুটীর ২টী মস্তক, ৪ খানি হস্ত ও ৪ খানি পা আছে। উহার উদর একটী।

## অত্যাশ্চর্য্য ঘটনা।

সহযোগী বীরভূম বার্ত্তায় প্রকাশ—সিউড়ীর পার্শ্ববর্ত্তী মেলে গ্রামে এক আশ্চর্য্য ঘটনা ঘটিতে শুনা গিয়াছে। ঐ গ্রামের সন্তষ্ট মণ্ডলের এক অষ্টম বর্ষীয়া কন্যা বসন্ত রোগে ভুগিতেছিল। গত ১১ই জ্যৈষ্ঠ সোমবার প্রত্যূষে তাহাকে মৃত বোধে শ্মশানে ফেলিয়া দেওয়া হয়। দুই এক ঘণ্টা পরে একটী স্ত্রীলোক ঐ রাস্তা দিয়া যাইবার কালীন শবাচ্ছাদনটীকে নড়িতে দেখিয়া লোককে সংবাদ দেয়। তাহারা আসিয়া বন্ধন মুক্ত করিয়া দেখে যে বালিকাটী তখনও জীবিত আছে। এক দুগ্ধ বিক্রেতা দুগ্ধ বিক্রয় জন্য সহরে আসিতেছিল। তাহার নিকট হইতে কিছু দুগ্ধ লইয়া তাহাকে খাওয়ান হইলে সে উঠিয়া বসে এবং ভয় ও বিস্ময়ে অভিভূত হইয়া পড়ে। তাহার পিতাকে সংবাদ দেওয়া হয়। সে আসিয়া তাহার কল্পিত মৃত কন্যাকে পুনরায় বাড়ী লইয়া যায়।

## সেভিংস ব্যাঙ্কের সুদ।

ভারত গভর্ণমেণ্টের ডাক বিভাগ হইতে ঘোষণা করা হইয়াছে যে, আগামী ১লা জুলাই হইতে ডাকঘরের সেভিংস ব্যাঙ্কের সুদ কমাইয়া শতকরা ২৲ টাকা করা হইল। এই সুদ প্রথমে ছিল ৩৲ টাকা তারপর উহা কমাইয়া করা হইয়াছিল ২॥০ টাকা। এক্ষণে উহা আবার কমাইয়া ২৲ টাকা হইল। গবর্ণমেণ্ট এতদিনে বুঝিতে পারিয়াছেন সুদের লোভে কেহ সেভিংস ব্যাঙ্কে টাকা জমা রাখেন না। দিন দিন সুদের হার কমাইলেও যাহারা সেভিংস ব্যাঙ্কে টাকা জমা রাখে তাহারা উহা উঠাইয়া লইয়া অন্যত্র মহাজনী করে না। যাহারা সেভিংস ব্যাঙ্কে টাকা রাখা নিরাপদ মনে করে, যেখানে সেখানে টাকা খাটান বা টাকা জমা রাখা যাহারা মোটেই ইচ্ছা করেন না তাহারাইত এই ব্যাঙ্কে টাকা জমা দেয়।

## বাঁকুড়ায় কৃষিঋণ।

বাঁকুড়ায় দশহাজার দুর্দ্দশাগ্রস্ত কৃষককে পাঁচ টাকা হইতে দশ টাকা পর্য্যন্ত কৃষিঋণ প্রদান করা হইয়াছে।

## সচিত্র শিশির।

—:০:—

আমরা শুনিয়া সুখী হইলাম আষাঢ়ের প্রথম হইতেই ১৬শ বর্ষে 'শিশির' সচিত্র ও বর্দ্ধিতাকারে "সচিত্র শিশির" নামে কলিকাতা, ১৯৭নং কর্ণওয়ালিস ষ্ট্রীটস্থ শিশির কার্য্যালয় হইতে প্রকাশিত হইবে।

সর্ব্বজনপ্রিয় সাপ্তাহিক 'সচিত্র শিশির' একদিন বাঙ্গালার সাংবাদিক মহলে তুমুল আন্দোলন উপস্থিত করিয়াছিল। 'সচিত্র শিশির' পাঠে তৃপ্ত না হইতেন, মুগ্ধ না হইয়াছেন এমন পাঠক তখন বাঙ্গালায় সত্যই বিরল ছিল। বর্ত্তমান কালে যদিও কলিকাতা হইতে একাধিক সচিত্র সাপ্তাহিক প্রকাশিত হইতেছে তথাপি এ শ্রেণীর পত্রিকার পথ প্রদর্শন 'সচিত্র শিশির'ই প্রথম করে। আমরা আশা করি নব পর্য্যায়ে এই পত্রিকা খানি তাহার নিজস্ব বৈশিষ্ট অক্ষুন্ন রাখিয়া সাহিত্যিক ও পাঠক মহলে আবার যুগান্তর উপস্থিত করিতে সক্ষম হইবে।

সচিত্র শিশিরের প্রতি সংখ্যার মূল্য ছিল ৵০ কিন্তু নবপর্য্যায়ে এই পত্রিকাখানি অর্দ্ধমূল্যে অর্থাৎ প্রতিসংখ্যা ⁄০ এবং সডাক বার্ষিক মূল্য ( বিশেষ সংখ্যাগুলি সহ ) ৩॥০ মূল্যে বিক্রীত হইবে।

## বিগ্রহের অলঙ্কার চুরি।

যশোহর জেলার অন্তর্গত ঝিকরগাছা থানার অন্তর্গত গদাখালীর কালীবাড়ী হইতে বিগ্রহের অলঙ্কার চুরি হইয়া গিয়াছে। প্রকাশ, বিগ্রহটী ভগ্ন অবস্থায় বেদীর নিম্নে পতিত ছিল।

## জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ।

গত ২৩শে মে শনিবার স্থানীয় জনপ্রিয় মহকুমা ম্যাজিষ্ট্রেট রায় সাহেব অদ্বৈতচরণ সামন্ত মহাশয়ের সভাপতিত্বে উক্ত বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ কার্য্য সুসম্পন্ন হইয়াছে। অধ্যাপক ডাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় এম, এ, পি, এইচ ডি মহাশয় সভায় যোগদান করিয়া সভার সৌষ্ঠব বর্দ্ধন করিয়াছিলেন। তিনি বালকগণের আবৃত্তি ও অভিনয়ের ভূয়সী প্রশংসা করিয়াছেন। সভাপতি মহাশয় ছাত্রগণকে মিতব্যয়ী ও পরিশ্রমী হইবার জন্য উপদেশ দিয়া একটী বক্তৃতা করেন। দেশের বর্ত্তমান অবস্থার কথা উল্লেখ করিয়া তিনি সকলকেই ভবিষ্যৎ ভাবিয়া কার্য্য করিতে পরামর্শ দেন। সভায় ছাত্রগণ, শিক্ষকগণ ও স্থানীয় বহু ভদ্রলোক যোগদান করেন। সভায় ডাঃ তারাপ্রসাদ সিংহ মহাশয় ম্যাট্রিকুলেশন পরীক্ষার্থী ছাত্রগণের মধ্যে যে ইংরাজীভাষায় প্রথম স্থান অধিকার করিবে সেই ছাত্রকে একটী স্বর্ণ পদক দিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন।

## কাঙ্গালীর মৃত্যু।

বিগত ২রা জ্যৈষ্ঠ স্থানীয় ব্যবসায়ী দুর্গাপদ দে মহাশয়ের মাতৃশ্রাদ্ধে কাঙ্গালী ভোজন করিতে আসিয়া ভোজনকালে একজন লোকের হঠাৎ হৃৎপিণ্ডের ক্রিয়া বন্ধ হইয়া মারা যায়। স্থানীয় যুবক সম্প্রদায় সঙ্গে সঙ্গে তাহার শবদেহ সৎকার করিয়াছে।

## বৃদ্ধের উদ্যম।

টাঙ্গাইল হইতে প্রাপ্ত সংবাদে জানা যায় চব্বিশার ৬২ বৎসর বয়স্ক এক বৃদ্ধ তাহার প্রথমা পত্নীর মৃত্যুর পর গৌরাঙ্গীতে ১৫ বৎসর বয়স্কা একটী বালিকার পাণিগ্রহণ করিয়াছে। উক্ত বৃদ্ধটী সোন্দল্যপুরে একটী বিবাহ স্থির করিয়াছিল, কিন্তু তথায় বিবাহের পাত্রীটি আত্মহত্যা করিবার ভয় প্রদর্শন করায় বিবাহ ভঙ্গ হয়।

## বিজয়ী গামা।

গত ১০ই মে তারিখে রেঙ্গুনে ভারতীয় কুস্তিগীর ছোট গামার সহিত রুমাণিয়ায় কুস্তিগীর আরনল্ড্ ককৃসিসের কুস্তি হইয়া গিয়াছে। গামা ককৃসিস্‌কে ছয় মিনিটের মধ্যেই পরাস্ত করিয়াছেন। রুমানীয়ার এই কুস্তিগীর লজ এঞ্জেল্‌সে ১৯৩২ সালের নিখিল ভারত অলিম্পিক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করিয়াছিলেন।

## বাঙ্গালায় ডাকাতির সংখ্যা।

গত ২রা মে তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে, তাহাতে বাঙ্গালাদেশের বিভিন্ন জেলায় ৫৫টী ডাকাতি হইয়া গিয়াছে। তন্মধ্যে ২৪ পরগণায় নয়টী, মেদিনীপুর জেলায় সাতটী, বাঁকুড়া, বাখরগঞ্জ ও ত্রিপুরা জেলায় চারটী করিয়া, বর্দ্ধমান, হুগলী, মুর্শিদাবাদ, রঙ্গপুর ও ময়মনসিংহ জেলায় তিনটী করিয়া, নদীয়া, দিনাজপুর, পাবনা ও রাজসাহীতে দুইটী করিয়া এবং বীরভূম, জলপাইগুড়ি ও ফরিদপুর জেলায় একটী করিয়া ডাকাতি সঙ্ঘটিত হইয়াছে।

## মুঙ্গেরে শোচনীয় দুর্ঘটনা।

গঙ্গাবক্ষ হইতে মুঙ্গেরের পোষ্ট মাষ্টারের আট বৎসর বয়স্ক পুত্র সুবোধের জীবন রক্ষা করিতে গিয়া দিলীপ কুমার রায় নামক আঠার বৎসর বয়স্ক একটী যুবক জলমগ্ন হইয়াছে।

